BCC&I

THE BENGAL CHAMBER

**Media Coverage Report:**

# 7th Edition of Haldia Industrial Region Discussion Forum on "Ecological Sustainability"


BCC&I
THE BENGAL CHAMBER
7th Edition of
Haldia Industrial Region
Discussion Forum on
ECOLOGICAL
SUSTAINABILITY
30th November 2023
The Golden Retreat, Haldia

# Print
# Coverage

বর্তমান

BCC&I
THE BENGAL CHAMBER

| Publication: Bartaman | Date: 03.12.2023 | Edition: Haldia |
|---|---|---|

# হলদিয়ার দূষণ রোধে ‘স্বার্থপরতা’ ছাড়তেই হবে শিল্পসংস্থাগুলিকে

সংবাদদাতা, হলদিয়া: শিল্প সংস্থাগুলি তাদের প্রাচীরের চৌহদ্দির মধ্যে দূষণ ঠেকানোর পরিকল্পনা নিয়ে ব্যস্ত। সামগ্রিকভাবে শিল্পশহরের দূষণ মোকাবিলা কীভাবে হবে, এনিয়ে বৃহস্পতিবার হলদিয়ায় বণিকসভা বিসিসিআই আয়োজিত মত বিনিময় সভায় উদ্বেগ প্রকাশ করেছেন হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষের (এইচডিএ) চেয়ারম্যান জ্যোতির্ময় কর। পরিবেশ বাঁচিয়ে হলদিয়ায় স্থায়ী শিল্পোনয়নের জন্য তিনি শিল্পসংস্থা, প্রশাসন, বণিকসভার সমবেত উদ্যোগের উপর জোর দিয়েছেন। পাশাপাশি বণিকসভা বেঙ্গল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির (বিসিসিআই) নেতৃত্বে হলদিয়ার জন্য এদিন একটি দূষণ মোকাবিলা কমিটি গড়ার পরামর্শ দেন। এইচডিএর চেয়ারম্যান বলেন, প্রতিটি শিল্প সংস্থাই বলছে, তারা দূষণ ঠেকাতে কারখানার চত্বরের মধ্যে হাজার হাজার গাছ লাগাচ্ছে। কিন্তু সবই হচ্ছে তাদের সীমানার অন্দরে। তাহলে বাউন্ডারির বাইরে দূষণ ঠেকানোর দায় কার, এনিয়ে প্রশ্ন তোলেন তিনি। বন্দর এলাকায় দূষণ ঠেকানোর পরিকল্পনা হচ্ছে, কিন্তু বন্দর ও শিল্প সংস্থাগুলিতে যে গাড়ি চলাচল করছে, সেখানে ব্যাপক ধূলিকণা দূষণ হচ্ছে। এজন্য শিল্প সংস্থাগুলিকে এগিয়ে এসে একসঙ্গে দূষণ মোকাবিলায় কাজ করার আবেদন জানান জ্যোতির্ময়বাবু।

বিসিসিআই এদিন ‘ইকোলজিক্যাল সাসটেনিবিলিটি’ বা পরিবেশগত ভারসাম্য ও স্থায়িত্ব বজায় রেখে শিল্প স্থাপন বিষয়ে একটি মত বিনিময় সভার আয়োজন করে হলদিয়ায়। ওই সভায় এইচডিএর চেয়ারম্যান বলেন, এইচডিএ বা প্রশাসন শিল্প স্থাপনের জন্য বা উন্নয়ন বান্ধব পরিবেশ গড়ে দেবে। কিন্তু উন্নয়নের জন্য টাকা কোথা থেকে আসবে? শিল্প সংস্থাগুলির উদ্দেশে বলেন, যে এলাকায় শিল্প গড়ে তুলেছেন সেখানকার মানুষের জন্য শিল্প সংস্থাগুলির দায়বদ্ধতা রয়েছে। শুধু নিজেরা সুখে থাকলে হবে না। কারখানার পড়শিদের দিকেও তাকাতে হবে। ডাস্ট ফ্রি রাস্তাঘাট, দূষণমুক্ত পরিবেশ, উন্নত নিকাশি ব্যবস্থার জন্য শিল্প সংস্থাকে উদ্যোগী হতে হবে। একইসঙ্গে তিনি হলদিয়ার সরকারি জমি দখল মুক্ত করার উপরও জোর দিয়েছেন। এইচপিএল লিঙ্ক রোড সহ শহরজুড়ে নিকাশি ক্যানেল ও বিপজ্জনক পাইপ লাইনগুলির উপর থেকে দখল সরানোর বার্তা দিয়েছেন। দখল সরালে নিকাশি ক্যানেলগুলি উন্মুক্ত হবে এবং শিল্প সংস্থাগুলি বা স্থানীয় বাসিন্দাদের বর্ষায় দুর্ভোগ পোহাতে হবে না।

এদিন ছোট, মাঝারি ও বড় মিলিয়ে প্রায় শতাধিক শিল্প সংস্থার প্রতিনিধি উপস্থিত ছিলেন। এইচডিএর চিফ এগজিকিউটিভ অফিসার সুধীর কোন্থাম এদিন দূষণ মোকাবিলা, পরিবেশের ভারসাম্য বজায় রেখে এইচডিএর নতুন জমি নীতির কথা বলেছেন। শহরে ডাস্ট পলিউশন এবং নিকাশি সমস্যা নিয়ে এদিন এইচডিএ কর্তৃপক্ষ বন্দরের দিকে.

## পরামর্শ এইচডিএ’র

মূলত আঙুল তুলেছে। বন্দরের গাড়ি থেকেই শহরে বেশি ডাস্ট পলিউশন হচ্ছে। তবে বন্দরের ডেপুটি চেয়ারম্যান অমলকুমার মেহেরা বলেন, দূষণ ঠেকাতে বন্দর কর্তৃপক্ষ ভীষণ তৎপর। এজন্য বন্দর সম্প্রতি পুরস্কারও পেয়েছে। বন্দর কর্তৃপক্ষ কয়লার গুঁড়ো থেকে দূষণ ঠেকাতে উঁচু প্রাচীর দিচ্ছে। এদিন শিল্প সংস্থাগুলির বক্তব্য, তারা গত কয়েক বছর ধরে সিএসআর ফান্ডে টাকা দিচ্ছে। কিন্তু তা অন্যখাতে খরচ করছে এনজিওগুলি। তাদের পরামর্শ, এইচডিএর নেতৃত্বে একটি সংস্থা তৈরি হোক, যার মাধ্যমে সমস্ত শিল্প সংস্থা তাদের সিএসআরের একটি অংশ পরিবেশ সুস্থ রাখা, দূষণ মোকাবিলায় কাজে লাগাবে। তাঁরা আশঙ্কা করছেন, হলদিয়ায় যেভাবে দূষণ বাড়ছে, সেখানে ফের দূষণ নিষেধাজ্ঞা জারি হলে হলদিয়ার শিল্পায়ন সমস্যায় পড়বে। এদিন বিসিসিআইয়ের প্রেসিডেন্ট গৌতম রায় বলেন, রাজ্য সরকার এবার কলকাতায় বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিটে পরিবেশবান্ধব শিল্প গড়ার উপর বিশেষ গুরুত্ব দিয়েছে। বণিকসভার পক্ষ থেকে শিল্প সংস্থাগুলিকে এবিষয়ে একসঙ্গে কাজ করার আহ্বান জানাচ্ছি।

वर्तमान पत्रिका

THE BENGAL CHAMBER

| Publication: Bartaman Hindi | Date: 01.12.2023 | Edition: Haldia |
| --- | --- | --- |

### हल्दिया में प्रदूषण कम करने पर बीसीसीआई ने की बैठक, एचडीए की सलाह

# प्रदूषण समस्या पर स्वार्थी न बनें औद्योगिक इकाइयां

संवाददाता, हल्दियाः औद्योगिक कंपनियां अपनी चारदीवारी के भीतर ही प्रदूषण को रोकने की योजना बनाने में व्यस्त हैं। हल्दिया विकास प्राधिकरण (एचडीए) के अध्यक्ष ज्योतिर्मय कर ने समग्र रूप से औद्योगिक शहर के प्रदूषण से निपटने के तरीके पर हल्दिया में बंगाल चेंबर ऑफ कॉमर्स एंड इंडस्ट्री (बीसीसीआई) द्वारा आयोजित सभा में अपनी चिंता व्यक्त की। उन्होंने पर्यावरण सुरक्षआ को ध्यान में रखते हुए हल्दिया में स्थायी औद्योगिक विकास के लिए औद्योगिक इकाइयों, प्रशासन, वाणिज्य मंडलों की संयुक्त पहल पर जोर दिया। इसके अलावा बीसीसीआई के नेतृत्व में हल्दिया के लिए एक प्रदूषण नियंत्रण समिति बनाने का भी सुझाव दिया। एचडीए के अध्यक्ष ने कहा कि हर कंपनी कह रही है कि वे प्रदूषण को रोकने के लिए फैक्ट्री परिसर में हजारों पेड़ लगा रही हैं। लेकिन सब कुछ उनकी सीमाओं के भीतर ही हो रहा है। ऐसे में उन्होंने पूछा कि ऐसे में उनके चारदीवारी के बाहर प्रदूषण रोकने की जिम्मेदारी किसकी है? बंदरगाह क्षेत्र में प्रदूषण रोकने की योजना है, लेकिन बंदरगाह इलाके में चलने वाले वाहन और औद्योगिक प्रतिष्ठान बड़े पैमाने पर प्रदूषण फैला रहे हैं। इस कारण ज्योतिर्मय कर ने औद्योगिक कंपनियों से आगे आने और प्रदूषण की समस्या से निपटने के लिए मिलकर काम करने का अनुरोध किया।

**सलाह**

>> बीसीसीआई के नेतृत्व में हल्दिया के लिए एक प्रदूषण नियंत्रण समिति बनाने का सुझाव दिया

बीसीसीआई ने हल्दिया में 'इकोलॉजिकल सस्टेनेबिलिटी' यानी पर्यावरण संतुलन और स्थिरता बनाए रखते हुए उद्योग स्थापित करने पर एक विचार-विमर्श बैठक का आयोजन किया। बैठक में एचडीए के अध्यक्ष ने कहा कि उद्योगों की स्थापना या विकास के लिए एचडीए या प्रशासन अनुकूल माहौल बनायेगा। लेकिन विकास के लिए पैसा कहां से आएगा? उन्होंने औद्योगिक कंपनियों को संबोधित करते हुए कहा कि औद्योगिक कंपनियों की उस क्षेत्र के लोगों के प्रति जिम्मेदारी है, जहां उन्होंने उद्योग विकसित किया है। केवल खुद की सहूलियत नहीं, बल्कि पड़ोस के लोगों की खुशी पर भी ध्यान देना होगा। धूल मुक्त सड़कें, प्रदूषण मुक्त वातावरण, बेहतर जल निकासी व्यवस्था के लिए औद्योगिक संगठनों को पहल करनी होगी। साथ ही उन्होंने हल्दिया में सरकारी जमीन को अतिक्रमण मुक्त करने पर भी जोर दिया। एचपीएल ने लिंक रोड समेत पूरे शहर में सीवेज नहरों और खतरनाक पाइप लाइनों से अतिक्रमण हटाने का नोटिस दिया है। अतिक्रमण हटाए जाने से जल निकासी के रास्ते खुले रहेंगे और बरसात के दौरान न तो उद्योगों और न ही स्थानीय निवासियों को जलजमाव जैसी समस्या का सामना करना पड़ेगा। इस दिन छोटी, मध्यम और बड़ी औद्योगिक कंपनियों के प्रतिनिधि बैठक में मौजूद रहे। एचडीए के मुख्य कार्यकारी अधिकारी सुधीर कोंथम ने आज प्रदूषण से निपटने, पर्यावरण संतुलन बनाए रखने के लिए एचडीए की नई भूमि नीति के बारे में बात की। एचडीए अधिकारियों ने शहर में धूल प्रदूषण और जल निकासी समस्याओं के लिए मुख्य रूप से बंदरगाह पर उंगली उठाई है। हालांकि, बंदरगाह के उपाध्यक्ष अमल कुमार मेहरा ने कहा कि बंदरगाह अधिकारी प्रदूषण को रोकने के लिए बहुत सक्रिय हैं। बंदरगाह को हाल ही में इसके लिए पुरस्कार भी मिला है। इस दिन कंपनियों ने कहा कि एचडीए के नेतृत्व में एक संगठन बनाया जाए। इस संगठन के माध्यम से सभी औद्योगिक कंपनियां अपने सीएसआर का एक हिस्सा पर्यावरण, प्रदूषण से निपटने में लगाएंगी। उन्हें डर है कि जिस तरह से हल्दिया में प्रदूषण बढ़ रहा है, अगर दोबारा प्रदूषण प्रतिबंध लगाया गया तो हल्दिया का औद्योगीकरण संकट में पड़ सकता है। बीसीसीआई अध्यक्ष गौतम रॉय ने कहा कि राज्य सरकार ने कोलकाता में बंगाल ग्लोबल बिजनेस समिट में पर्यावरण अनुकूल उद्योग के निर्माण को विशेष महत्व दिया है।



প্রতিদিন

BCC&I
THE BENGAL CHAMBER

| Publication: Sangbad Pratidin | Date: 01.12.2023 | Edition: Haldia |
|---|---|---|

# শিল্পের বিকাশে পরিবেশ সুরক্ষায় জোর বণিকসভার

## হলদিয়ায় 'ইকোলজিক্যাল সাসটেনেবিলিটি' সেমিনার

নিজস্ব সংবাদদাতা, হলদিয়া : শিল্প সম্ভাবনাময় হলদিয়ায় পরিবেশ সুরক্ষার বিষয়ে গুরুত্ব আরোপ করেছে বণিকসভা। পরিবেশ বাঁচাতে শিল্প সংস্থাগুলিকেও সতর্ক থাকতে হবে। বৃহস্পতিবার বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত হলদিয়ায় 'ইকোলজিক্যাল সাসটেনেবিলিটি' সেমিনারে এটাই ছিল মূল আলোচ্য বিষয়। হলদিয়া এনার্জি লিমিটেড, হলদিয়া পেট্রোকেমিক্যাল, হলদিয়া রিফাইনারি, ইলেক্ট্রিস্টিল কাস্টিংস, টাটা স্টিল, ইন্দোরামা ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড, হলদিয়া ওয়াটার সার্ভিস প্রাইভেট লিমিটেড, আইভিএল ধানসেরি-সহ বিভিন্ন কোম্পানির প্রতিনিধিরা এদিনের সেমিনারে যোগ দেন। বেঙ্গল চেম্বার অব কমার্সের প্রেসিডেন্ট গৌতম রায় জানিয়েছেন, "শিল্পের উন্নতি অবশ্যই কাম্য। সেইসঙ্গে পরিবেশ সুরক্ষা বিষয়টিও বিশেষ গুরুত্বপূর্ণ। সেক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের পরিবেশ সুরক্ষায় আন্তরিক হওয়া প্রয়োজন।" হলদিয়ার পরিবেশ সুরক্ষার ক্ষেত্রে হলদিয়া বন্দর কর্তৃপক্ষ বেশ কিছু পদক্ষেপ করেছে বলে জানা গিয়েছে। সে ক্ষেত্রে সবুজায়ন ঘটানো তাদের উল্লেখযোগ্য কাজ বলে বন্দরের প্রতিনিধিরা জানিয়েছেন।

হলদিয়া বন্দরের ডেপুটি চেয়ারম্যান অমল কুমার মেহরা জানান, "ইতিমধ্যে আমরা বেশ কিছু জায়গা জুড়ে ম্যানগ্রোভ ফরেস্ট গড়েছি। পাশাপাশি বন্দরের বিভিন্ন এলাকায় গাছ লাগানো হয়েছে। সৌর বিদ্যুৎ ব্যবহারের কাজ শুরু করে দিয়েছি। ১৫০ কিলোওয়াটের রুফ টপ সোলার প্যানেল রয়েছে আমাদের।" এই শিল্প শহরের পরিবেশ বাঁচাতে বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিকে পাশে পেতে চাইছে হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি। বিভিন্ন কলকারখানা গুলির সঙ্গে সমন্বয় বজায় রেখে এই কাজে তারা যে আগ্রহী তা সভায় স্পষ্ট জানান সংস্থার চেয়ারম্যান জ্যোতির্ময় কর। তিনি বলেন, "শিল্প সম্ভাবনাময় হলদিয়া। এখানে পরিবেশ সুরক্ষার প্রয়োজন। বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি একটি ইউনিট গড়ে কাজ করবে আশা করছি।" তবে, এদিনের সেমিনারে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের কোনও প্রতিনিধি ছিলেন না।

দূষণ নিয়ন্ত্রণ পরিষদের কোন পরিবেশ বিজ্ঞানী কিংবা পরিবেশবিদ না থাকায় এমন আলোচনা বাস্তবে কোনও কাজে আসবে কিনা, তা নিয়ে প্রশ্ন তুলেছেন অনেকেই। সেমিনারের সিদ্ধান্ত কার্যকর করার ক্ষেত্রে হলদিয়া পুরসভারও ভূমিকা রয়েছে। এদিনের সেমিনারে হলদিয়া পুরসভার তরফেও কোনও প্রতিনিধিকে দেখা যায়নি। তবে শিল্প সংস্থাগুলি পরিবেশের কথা মাথায় রেখে নিজেদের দায়িত্ব ঠিক ঠাক পালন করলে হলদিয়ার পরিবেশের স্বাস্থ্য সুরক্ষা করা সম্ভব বলে মত সকলের।




■ পরিবেশ সুরক্ষা নিয়ে অনুষ্ঠানে বক্তব্য রাখছেন এইচডিএ-র চেয়ারম্যান জ্যোতির্ময় কর। রয়েছেন সিইএসসি-র শীর্ষ কর্তা সুদীপ্ত মুখোপাধ্যায়, হলদিয়া বন্দরের ডেপুটি চেয়ারম্যান অমলকুমার মেহরা, হলদিয়া এনার্জি লিমিটেডের প্ল্যান্ট হেড সোমনাথ দত্ত প্রমুখ। হলদিয়ায়। —রঞ্জন মাইতি

| Publication: Dindarpan | Date: 01.12.2023 | Edition: Haldia |
|---|---|---|

# হলদিয়া শিল্পাঞ্চলে দূষণ রোধে বৃক্ষরোপনের আবেদন




**দিন দর্পণ, হলদিয়া:** প্রতিটি শিল্প সংস্থাই বলছে, তারা দূষণ ঠেকাতে কারখানার চত্বরের মধ্যে হাজার হাজার গাছ লাগাচ্ছে। কিন্তু সবই হচ্ছে তাদের সীমানার মধ্যে। তাহলে বাউন্ডারির বাইরে দূষণ ঠেকানোর দায় কার? বৃহস্পতিবার হলদিয়ায় বিসিসিআই আয়োজিত পরিবেশ ও দূষণ মোকাবিলা সংক্রান্ত আলোচনাসভায় এভাবে ক্ষোভ প্রকাশ করেন হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষের(এইচডিএ) চেয়ারম্যান জ্যোতির্ময় কর। শহরে ডাস্ট পলিউশান এবং নিকাশি সমস্যা নিয়ে এদিন এইচডিএর চেয়ারম্যান বন্দরের দিকে মূলত আঙুল তুলেছেন। তিনি বলেন, বন্দরের গাড়ি থেকেই শহরে বেশি ডাস্ট পলিউশান হচ্ছে। বন্দর এলাকায় দূষণ ঠেকানোর পরিকল্পনা হচ্ছে, কিন্তু বন্দর ও শিল্প সংস্থাগুলিতে যে গাড়ি চলাচল করছে, সেখানে ব্যাপক ধূলিকণা দূষণ হচ্ছে। এজন্য শিল্প সংস্থাগুলিকে এগিয়ে এসে একসঙ্গে দূষণ মোকাবিলায় কাজ করার আবেদন জানান তিনি। বাঁচিয়ে হলদিয়ায় স্থায়ী শিল্পোন্নয়নের জন্য তিনি শিল্পসংস্থা, প্রশাসন, বণিকসভার সমবেত উদ্যোগের উপর জোর দিয়েছেন। পাশাপাশি বণিকসভা বেঙ্গল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির (বিসিসিআই) নেতৃত্বে হলদিয়ার জন্য এদিন একটি দূষণ মোকাবিলা কমিটি গড়ার পরামর্শ দেন।

সভায় এইচডিএর চেয়ারম্যান বলেন, এইচডিএ বা প্রশাসন শিল্প স্থাপনের জন্য বা উন্নয়ন বান্ধব পরিবেশ গড়ে দেবে। কিন্তু উন্নয়নের জন্য টাকা কোথা থেকে আসবে? উন্নয়নের জন্য টাকা আসবে কোথা থেকে? শিল্প সংস্থাগুলির উদ্দেশে বলেন, যে এলাকায় শিল্প গড়ে তুলেছেন সেখানকার মানুষের জন্য শিল্প সংস্থাগুলির দায়বদ্ধতা রয়েছে। শুধু নিজেরা সুখে থাকলে হবে না, কারখানার পড়শিদের দিকেও তাকাতে হবে। ডাস্ট ফ্রি রাস্তাঘাট, দূষণমুক্ত পরিবেশ, উন্নত নিকাশি ব্যবস্থার জন্য শিল্প সংস্থাকে উদ্যোগী হতে হবে। একইসঙ্গে তিনি হলদিয়ার সরকারি জমি দখল মুক্ত করার উপরও জোর দিয়েছেন। বিসিসিআই এদিন 'ইকোলজিক্যাল সাসটেনিবিলিটি' বা পরিবেশগত ভারসাম্য ও স্থায়িত্ব বজায় রেখে শিল্প স্থাপন বিষয়ে একটি মত বিনিময় সভার আয়োজন করে হলদিয়ায়। ছোট, মাঝারি ও বড় মিলিয়ে প্রায় শতাধিক শিল্প সংস্থার প্রতিনিধি উপস্থিত ছিলেন। বন্দরের ডেপুটি চেয়ারম্যান অমলকুমার মেহেরা পান্টা বলেন, দূষণ ঠেকাতে বন্দর কর্তৃপক্ষ ভীষণ তৎপর। এজন্য বন্দর সম্প্রতি পুরস্কারও পেয়েছে। বন্দর কর্তৃপক্ষ কয়লার গুঁড়ো থেকে দূষণ ঠেকাতে উঁচু প্রাচীর দিচ্ছে। এদিন শিল্প সংস্থাগুলির বক্তব্য, তারা গত কয়েক বছর ধরে সিএসআর ফান্ডে টাকা দিচ্ছে, কিন্তু তা অন্যখাতে খরচ করছে এনজিওগুলি। এদিন বিসিসিআইয়ের প্রেসিডেন্ট গৌতম রায় বলেন, রাজ্য সরকার এবার কলকাতায় বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিটে পরিবেশবান্ধব শিল্প গড়ার উপর বিশেষ গুরুত্ব দিয়েছে। বণিকসভার পক্ষ থেকে শিল্প সংস্থাগুলিকে এবিষয়ে একসঙ্গে কাজ করার আহ্বান জানাচ্ছি।

# Online Coverage

বর্তমান

Publication: Bartaman | Date: 03.12.2023

BCC&I
THE BENGAL CHAMBER

# হলদিয়ার দূষণ রোধে ‘স্বার্থপরতা’ ছাড়তেই হবে শিল্পসংস্থাগুলিকে

সংবাদদাতা, হলদিয়া: শিল্প সংস্থাগুলি তাদের প্রাচীরের চৌহদ্দির মধ্যে দূষণ ঠেকানোর পরিকল্পনা নিয়ে ব্যস্ত। সামগ্রিকভাবে শিল্পশহরের দূষণ মোকাবিলা কীভাবে হবে, এনিয়ে বৃহস্পতিবার হলদিয়ায় বণিকসভা বিসিসিআই আয়োজিত মত বিনিময় সভায় উদ্বেগ প্রকাশ করেছেন হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষের (এইচডিএ) চেয়ারম্যান জ্যোতির্ময় কর। পরিবেশ বাঁচিয়ে হলদিয়ায় স্থায়ী শিল্পোন্নয়নের জন্য তিনি শিল্পসংস্থা, প্রশাসন, বণিকসভার সমবেত উদ্যোগের উপর জোর দিয়েছেন। পাশাপাশি বণিকসভা বেঙ্গল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির (বিসিসিআই) নেতৃত্বে হলদিয়ার জন্য এদিন একটি দূষণ মোকাবিলা কমিটি গড়ার পরামর্শ দেন। এইচডিএর চেয়ারম্যান বলেন, প্রতিটি শিল্প সংস্থাই বলছে, তারা দূষণ ঠেকাতে কারখানার চত্বরের মধ্যে হাজার হাজার গাছ লাগাচ্ছে। কিন্তু সবই হচ্ছে তাদের সীমানার অন্দরে। তাহলে বাউন্ডারির বাইরে দূষণ ঠেকানোর দায় কার, এনিয়ে প্রশ্ন তোলেন তিনি। বন্দর এলাকায় দূষণ ঠেকানোর পরিকল্পনা হচ্ছে, কিন্তু বন্দর ও শিল্প সংস্থাগুলিতে যে গাড়ি চলাচল করছে, সেখানে ব্যাপক ধূলিকণা দূষণ হচ্ছে। এজন্য শিল্প সংস্থাগুলিকে এগিয়ে এসে একসঙ্গে দূষণ মোকাবিলায় কাজ করার আবেদন জানান জ্যোতির্ময়বাবু।

বিসিসিআই এদিন ‘ইকোলজিক্যাল সাসটেনিবিলিটি’ বা পরিবেশগত ভারসাম্য ও স্থায়িত্ব বজায় রেখে শিল্প স্থাপন বিষয়ে একটি মত বিনিময় সভার আয়োজন করে হলদিয়ায়। ওই সভায় এইচডিএর চেয়ারম্যান বলেন, এইচডিএ বা প্রশাসন শিল্প স্থাপনের জন্য বা উন্নয়ন বান্ধব পরিবেশ গড়ে দেবে। কিন্তু উন্নয়নের জন্য টাকা কোথা থেকে আসবে? শিল্প সংস্থাগুলির উদ্দেশে বলেন, যে এলাকায় শিল্প গড়ে তুলেছেন সেখানকার মানুষের জন্য শিল্প সংস্থাগুলির দায়বদ্ধতা রয়েছে। শুধু নিজেরা সুখে থাকলে হবে না। কারখানার পড়শিদের দিকেও তাকাতে হবে। ডাস্ট ফ্রি রাস্তাঘাট, দূষণমুক্ত পরিবেশ, উন্নত নিকাশি ব্যবস্থার জন্য শিল্প সংস্থাকে উদ্যোগী হতে হবে। একইসঙ্গে তিনি হলদিয়ার সরকারি জমি দখল মুক্ত করার উপরও জোর দিয়েছেন। এইচপিএল লিঙ্ক রোড সহ শহরজুড়ে নিকাশি ক্যানেল ও বিপজ্জনক পাইপ লাইনগুলির উপর থেকে দখল সরানোর বার্তা দিয়েছেন। দখল সরালে নিকাশি ক্যানেলগুলি উন্মুক্ত হবে এবং শিল্প সংস্থাগুলি বা স্থানীয় বাসিন্দাদের বর্ষায় দুর্ভোগ পোহাতে হবে না।

Link: https://bartamanpatrika.com/

**Publication: Haldia News** | **Date: 01.12.2023**




শিল্প শহর হলদিয়ায় দূষণ দূর করতে প্রশাসন ও কারখানা কর্তৃপক্ষের মত পার্থক্য, একক কমিটি গড়ে দূর করার আহ্বান কারখানা কর্তৃপক্ষের

Link: https://www.haldiabandar.in/2023/11/blog-post_860.html

# Television Coverage

**Publication: ABP Ananda** | **Date:01.12.2023**

## Purba Medinipur: নোংরা নর্দমা, দুর্গন্ধে প্রাণ ওষ্ঠাগত! দূষণ-তরজায় ভোগান্তি নাগরিকদের

Haldia Pollution: শিল্পসংস্থার দিকে আঙুল উন্নয়ন পর্ষদের, পাল্টা দাবি শিল্পসংস্থাগুলিরও।

By: ABP Ananda | Updated at : 01 Dec 2023 03:26 PM (IST)
Edited By: avirupd

FOLLOW US:




নিজস্ব চিত্র

Join WhatsApp Channel | Join us on Telegram | Share:

**বিটন চক্রবর্তী, পূর্ব মেদিনীপুর:** দূষণ রোধ করবে কে? শিল্প সংস্থা না কি উন্নয়ন পর্ষদ? হলদিয়ায় দূষণরোধের বিষয়টি নিয়ে সামনে এল এমনই তরজা। বণিকসভার বৈঠকে হলদিয়া উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান দাবি করেন, বন্দর শহরের শিল্পসংস্থাগুলি শুধুমাত্র তার সীমার মধ্যেই পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়ে ব্যস্ত থাকে। তাই হলদিয়াকে আজও দূষণমুক্ত করা যায়নি। কার্যত শিল্প সংস্থাগুলির দিকে আঙুল তোলায় পাল্টা জবাব দিয়েছে তারাও। শিল্পসংস্থার দাবি, সিএসআর প্রকল্পের টাকা অন্যখাতে ব্যয় না করে দূষণরোধে ব্যয় করা যায়।

**Link:** https://bengali.abplive.com/district/purba-medinipur-controversy-over-pollution-in-haldia-s-industrial-area-tussle-between-administration-and-industry-1028162

**Publication: tv9 Bangla** | **Date: 01.12.2023**

# Haldia Port: হলদিয়ার দুষণ নিয়ে তরজায় পর্ষদ ও বন্দর কর্তৃপক্ষ

হলদিয়াতে শিল্প সংস্থাগুলির উদাসীনতার জন্যে দূষণ নিয়ন্ত্রণ হচ্ছে না। বৃহস্পতিবার হলদিয়ার একটি হোটেলে বেঙ্গল চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির উদ্যোগ (ecological sustainability ) 'পরিবেশগত স্থায়িত্ব ' বিষয়ে এক আলোচনা সভায় যোগ দিয়ে এমনি মন্তব্য করলেন হলদিয়া উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান ও প্রাক্তন মন্ত্রী জ্যোর্তিময় কর।



হলদিয়া বন্দর | Image Credit source: Twitter


Follow Us: Google News

Kanishka Maity | Edited By: Angshuman Goswami | Updated on: Dec 01, 2023 | 8:19 AM

**হলদিয়া:** রাজ্যের বিভিন্ন শিল্পতালুকে দূষণের রমরমা নিয়ে প্রশ্ন উঠেছে একাধিক বার। এ বার জেলার শিল্পতালুকে শিল্পপতিদের মনোভাব নিয়ে প্রশ্ন তুলল খোদ হলদিয়া উন্নয়ন পর্ষদ। হলদিয়াতে শিল্প সংস্থাগুলির উদাসীনতার জন্যে দূষণ নিয়ন্ত্রণ হচ্ছে না। বৃহস্পতিবার হলদিয়ার একটি হোটেলে বেঙ্গল চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির উদ্যোগ (ecological sustainability ) 'পরিবেশগত স্থায়িত্ব ' বিষয়ে এক আলোচনা সভায় যোগ দিয়ে এমনি মন্তব্য করলেন হলদিয়া উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান ও প্রাক্তন মন্ত্রী জ্যোর্তিময় কর।


**Link:** https://tv9bangla.com/west-bengal/purba-medinipur/word-exchange-on-pollution-in-haldia-port-area-959527.html

Publication: Haldia News | Date: 01.12.2023





Link: https://youtu.be/rexR2Gbj0Sk?si=41p4w3FRlDLbkqkj

Publication: Smart News Bangla | Date: 01.12.2023




Link:
https://www.face ... %A6%9C
%E0%A6%BF%E0% ...
%E0%A6%B8%E0% ... %A6%BF%
E0%A6%B2%E0%A6%BF%E0%A6%9F%E0%A6%BF-%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%AF%E0%A6%BC%E0%A7%87-
%E0%A6%8F%E0%A6%95-
%E0%A6%B8%E0%A7%87%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%B0%E0%A7%87-
%E0%A6%89%E0%A6%AA%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%A5%E0%A6%BF%E0%A6%A4-
%E0%A6%B9%E0%A6%B2%E0%A6%A6%E0%A6%BF%E0%A6%AF%E0%A6%BC%E0%A6%BE%E0%A6%B0-
%E0%A6%87%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A6%E0%A7%8B%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%AE%E0%A6%BE-
%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B0%E0%A6%96%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%B0-
%E0%A6%95%E0%A6%B0/1053424089141169/

**Publication: Smart News Bangla** | **Date: 01.12.2023**




**Link: https://w ... A6%BE-
%E0%A6%A8% ...
%E0%A6%A4% ...
%E0%A6%B9% ... 0-
%E0%A6%89%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A8%E0%A6%AF%E0%A6%BC%E0%A6%A8%E0%A7%87-
%E0%A6%B9%E0%A6%B2%E0%A6%A6%E0%A6%BF%E0%A6%AF%E0%A6%BC%E0%A6%BE-
%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A6%E0%A6%B0-%E0%A6%95%E0%A7%8B%E0%A6%A8-
%E0%A6%B8%E0%A6%BE%E0%A6%B9%E0%A6%BE%E0%A6%AF%E0%A7%8D%E0%A6%AF-
%E0%A6%95%E0%A6%B0%E0%A6%9B%E0%A7%87-%E0%A6%A8%E0%A6%BE-
%E0%A6%AC%E0%A6%B2%E0%A7%87-%E0%A6%85%E0%A6%AD%E0%A6%BF%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%97-
/1281658275865138/**

Publication: NK tv | Date: 01.12.2023





Link: https://www.facebook.com/nktvbangla/videos/843438927264676/?extid=WA-UNK-UNK-UNK-AN_GK0T-GK1C&mibextid=RUbZ1f

NEWS OF BENGAL

BCC&I
THE BENGAL CHAMBER

**Publication: News of Bengal** | **Date: 01.12.2023**




**Link:** https://www.facebook.com/61550709622776/videos/996162418158475/?extid=CL-UNK-UNK-UNK-AN_GK0T-GK1C&mibextid=Nif5oz

# Thank You